# পুলিশ সংস্কারে জাপানের সহায়তা চাইলেন স্বরাষ্ট্রমন্ত্রী




সংগৃহীত ছবি

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ মঙ্গলবার বাংলাদেশে নিযুক্ত জাপানের রাষ্ট্রদূত সাইদা শিন-ইচি এর সঙ্গে বৈঠকে পুলিশ সংস্কার ও পুনর্গঠনে জাপানের সহায়তা কামনা করেন। মন্ত্রী বলেন, জাপান বাংলাদেশের বিশ্বাসযোগ্য বন্ধু ও বড় উন্নয়ন অংশীদার এবং ট্রাফিক সেফটি প্রজেক্টসহ বিভিন্ন প্রকল্পে ইতিমধ্যেই গুরুত্বপূর্ণ অবদান রেখেছে।

বৈঠকে আইনশৃঙ্খলা, পুলিশ পুনর্গঠন, ট্রাফিক নিয়ন্ত্রণ এবং বিনিয়োগসহ পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিষয়গুলো আলোচিত হয়। রাষ্ট্রদূত বাংলাদেশে জাপানি নাগরিকদের নিরাপত্তা বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করেন। মন্ত্রী জানান, দেশের জাপানি নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করতে আমরা সর্বদা প্রস্তুত।

এছাড়া মন্ত্রী বলেন, ভবিষ্যতে পুলিশ সংস্কার ও দক্ষতা বৃদ্ধির জন্য জাপানের সঙ্গে আরও সমন্বিত কার্যক্রম চালানো হতে পারে। এ ক্ষেত্রে আমাদের পক্ষ থেকে প্রয়োজনীয় প্রস্তাব পেশ করা হবে, যাতে উভয় দেশের মধ্যে নিরাপত্তা ও আইনশৃঙ্খলা ক্ষেত্রে সহযোগিতা আরও দৃঢ় হয়।

LENS ASIA